



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
আইসিটি শাখা



তুলা উন্নয়ন বোর্ডের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়ন সংক্রান্ত ইনোভেশন টিমের (১ম) সভার
কার্যবিবরণী

সভাপতি	শেফালী রাণী মজুমদার অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ ও গবেষণা) (চলতি দায়িত্ব)
সভার তারিখ	০১/০৮/২০২৩ খ্রিঃ
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	অতিরিক্ত পরিচালক-এর কক্ষ, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরবর্তীতে ইনোভেশন টিমের বিকল্প ফোকাল পয়েন্ট মোঃ মনজুরুল হুদা, তুলা উন্নয়ন কর্মকর্তা ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। টিমের সকল সদস্যদের সহিত উক্ত কর্মপরিকল্পনা বিষয়ক বিষদ আলোচনা পূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহঃ

১. তুলা উন্নয়ন বোর্ডের সিটিজেন চার্টারে বর্ণিত সেবা সমূহ ইতঃমধ্যে সহজিকরণ/ডিজিটাইজড করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের সিটিজেন চার্টার হালনাগাদ করে সেবাসমূহ হালনাগাদ করার সুপারিশ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ পরিকল্পনা শাখা।

২. ই- ফাইলে নিষ্পন্নকৃত নোটের শতকরা হারের তথ্য তুলা উন্নয়ন বোর্ডের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়।

বাস্তবায়নেঃ পরিকল্পনা শাখা।

৩. যে সকল তথ্য মাঠ পর্যায়ের কার্যালয় সমূহ হতে সদর দপ্তরে প্রেরণ করার নির্দেশ দেওয়া রয়েছে সে সকল তথ্যের একটি তালিকা অতিরিক্ত পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড-কে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ আইসিটি শাখা।

৪. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অন্তর্গত [২.১.১] নং এ উল্লেখিত “ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যাহত রাখা” শীর্ষক সূচকটি বাস্তবায়নের লক্ষ্যে জোনাল কার্যালয় সমূহে অর্থ সরবরাহ আগেই করতে হবে। লক্ষ্য অনুযায়ী কাজটি সঠিক ভাবে

বাস্তবায়ন হচ্ছে কি না তা পর্যবেক্ষণ করত অর্থ বরাদ্দের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সে মোতাবেক বিগত অর্থ বছরে বরাদ্দ প্রাপ্ত সকল কার্যালয়ের সহিত অনলাইনে সভা আয়োজন করার সুপারিশ করা হয়।

বাস্তবায়নেঃ আইসিটি শাখা

৫. ২০২৩-২৪ অর্থ বছরের মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের নিমিত্তে উদ্ভাবনী আইডিয়া/সেবাসহজিকরণ/সেবা ডিজিটাইজেশনের আইডিয়া প্রেরণের জন্য পত্র প্রেরণ করার সুপারিশ করা হয়।

বাস্তবায়নেঃ আইসিটি শাখা

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

শেফালী রাণী মজুমদার
অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ ও গবেষণা)
(চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৭.১৬.০০১.২২.৯৫

তারিখ: ৯ ভাদ্র ১৪৩০

২৪ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
- ২) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা শাখা, তুলা উন্নয়ন বোর্ড
- ৩) সিনিয়র জিনিং অফিসার, প্রশিক্ষণ শাখা, তুলা উন্নয়ন বোর্ড
- ৪) তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড
- ৫) তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড
- ৬) তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড
- ৭) তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড

মো: মনজুরুল হুদা
তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)